



স্থানীয় সার্ভার থেকেই লিনাক্স ওএস আপডেট

ডেস্ক রিপোর্ট

উবুন্টু, সেন্টওএস, আর্চ লিনাক্স, মানজারু লিনাক্স ব্যবহারকারীরা এখন থেকে দেশে স্থাপিত টিয়ার থ্রি ডেটা সেন্টার থেকে অপারেটিং সিস্টেম আপডেট করতে পারবেন। এ লক্ষ্যে জিয়নবিডি সম্প্রতি নিজস্ব ডেটা সেন্টারে মিরর স্থাপনার কাজ সম্পন্ন করেছে। ইতোমধ্যে অপারেটিং সিস্টেমগুলোর মিরর লিস্টে জিয়নবিডি অন্তর্ভুক্ত করা হয়েছে।

এর ফলে এসব অপারেটিং সিস্টেমের স্থানীয় ব্যবহারকারীরা ১০০ এমবিপিএস থেকে ১ জিবিপিএস পর্যন্ত গতিতে তাদের অপারেটিং সিস্টেম আপডেট করতে পারবেন।

উল্লেখ্য, ২০১৩ সালে দেশে নিজস্ব ডেটা সেন্টার স্থাপন করে জিয়নবিডি। এর পাশাপাশি মার্কিন যুক্তরাষ্ট্র এবং ইউরোপে রয়েছে প্রতিষ্ঠানটির আরো দুটি কো-লোকেশন সেন্টার।